দেখা

গ্লেসিয়ারে ঝুঁকে ছিল পদযাত্রী মানুষের ছায়া
অনেক অনেক পথ, পথ নাকি ভ্রান্তির বিলাস
পার হয়ে এইখানে, নদীর উৎসের দিকে আসা---
কিছুটা রহস্য থাক, কিছুটা অচেনা, থেকে যাক।
প্রকৃতি সৌন্দর্যময়ী, কিন্তু তার রূপের আড়ালে
কঠিন ভ্রুকুটি আঁকা, সেই কথা ভুলেছি চকিতে;

অথচ ফেরার পথে, সূর্যাস্তের আভাময় আলো
শিখরে শিখরে রং ছড়ানোর বিহ্বল মুহূর্তে
অন্ধকারে ভাঙতে হবে বোল্ডারের কঠিন উৎরাই ;
ততক্ষণে তুষারের চুড়ায় চুড়ায় শুক্লা চাঁদ
ছড়িয়ে দিয়েছে মায়া, তার কিছু টুকরো কণিকা
পথের উপরে পাতা। তুমি আছ কতটুকু দূরে!

ভিলস্‌নগর কাছে এসে দেখা হলো মেঘের বিকেলে...

সব্যসাচী দেব


Phone: 98302 43310
email: editor@srishtisandhan.com